

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 26-06-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

.....

International Anti-Drug Day :

আজ আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস এবছর দিবসটির থিম হচ্ছে, "এটা স্পষ্ট প্রামাণ্য যে, প্রতিরোধের ওপরই সর্বাধিক পদক্ষেপ করতে হবে।" এ দিনটি পালন করতে আজ সকালে পুলিশ এবং মাদক নিয়ন্ত্রণ বিভাগের যৌথ উদ্যোগে আগরতলায় এক সচেতনতামূলক মোটর-সাইকেল যাত্রা অনুষ্ঠিত হয়। এদিকে ঊনকোটি জেলাতেও এই দিবসটি পালনের প্রস্তুতি চলছে। ঊনকোটি জেলার প্রত্যেকটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালন করা হচ্ছে।

সিপাহীজলা জেলা প্রশাসনের সহায়তায় ও জেলা শিক্ষা বিভাগের উদ্যোগে আজ বিশালগড় পুরাতন টাউন হলে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালন করা হচ্ছে।

Loksabha Speaker :

বর্ষীয়ান বিজেপি সাংসদ ওম বিড়লা লোকসভার অধ্যক্ষ পদের জন্য এনডিএ মনোনীত প্রার্থী হয়েছেন। অন্যদিকে বিরোধী জোটের প্রার্থী হয়েছেন কংগ্রেস সাংসদ কে. সুরেশা উভয় প্রার্থীই গতকাল স্পিকার পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন, তাই আজ অধ্যক্ষ পদে নির্বাচন হবার কথা। উল্লেখ্য, স্বাধীনতার পর থেকে

লোকসভার অধ্যক্ষ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন এবং সম্ভবত এই প্রথম এই পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা হবে।

Project Monitoring :

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে যে সমস্ত উন্নয়নমূলক কাজ চলছে, সেই কাজগুলিকে পরিকাঠামো এবং আর্থিকভাবে সমৃদ্ধ করার লক্ষ্যে নতুনভাবে প্রজেক্ট মনিটরিং ইউনিট চালু করার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। গতকাল সচিবালয়ে অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায়ের পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে মন্ত্রী শ্রী সিংহ রায় আর্নস্ট এন্ড ইয়ং কোম্পানীর কর্মকর্তারা প্রজেক্ট মনিটরিং ইউনিটের কাজকর্ম কিভাবে চালাবেন তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, আগামী তিন বছরের জন্য আর্নস্ট এন্ড ইয়ং কোম্পানিকে প্রজেক্ট মনিটরিং এর দায়িত্ব দেওয়া হয়েছে।

Election department statement :

রাজ্যে আসন্ন স্থিত পঞ্চায়েত নির্বাচনের জন্য প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় মোট ভোটার রয়েছেন ১২ লক্ষ ৯৪ হাজার ৭ জন। তার মধ্যে পুরুষ ভোটার ৬ লক্ষ ৫৮ হাজার ৫৮৯ জন, মহিলা ভোটার ৬ লক্ষ ৩৫ হাজার ৪৬০ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১১ জন। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী এসংবাদ জানান।

Inauguration of newly constructed office:

গতকাল প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে জামজুরি প্রাণী চিকিৎসালয়ের নবনির্মিত ভবনের দ্বারোদঘাটন করেন অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, গোমতী জিলা পরিষদের সহ কারী সভাপতি দেবল দেবরায়, কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুপ্রিয়া সাহা প্রমুখ ১

Chatkal sramik :

শীর্ষ আদালতের নির্দেশ অনুসারে নায্য পাওনা মিটিয়ে দেওয়া সহ চার দফা দাবি নিয়ে আগামী ২৯শে জুন ত্রিপুরা জুটমিল লিমিটেডের ম্যানেজিং ডাইরেক্টর এর কাছে গণ নোটিশ পেশ করবে ত্রিপুরা চটকল শ্রমিক ইউনিয়ন। গতকাল আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন ত্রিপুরা চটকল শ্রমিক ইউনিয়নের সম্পাদক ধনমণী সিনহা।

Oath Taking :

লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসন থেকে নির্বাচিত বিপ্লব কুমার দেব ও পূর্ব ত্রিপুরা সংরক্ষিত আসন থেকে নির্বাচিত কৃতি দেবী দেববর্মণ গতকাল নয়াদিল্লির সংসদ ভবনে সাংসদ হিসাবে শপথ গ্রহণ করেন।

Blood Donation :

আগরতলার নেতাজি স্কুল বিদ্যানিকেতনের এন এস এস ইউনিট ও স্কুলের এলামনির উদ্যোগে এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন পুর নিগমের কর্পোরেটর রত্না দত্ত, প্রাক্তন বিধায়ক ডাক্তার দিলীপ দাস প্রমুখ শিবিরে মোট ৪০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম ও নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা/ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

Senior Cricket:

রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্রিকেটের প্লেট গ্রুপে দুটি সেমিফাইনাল ম্যাচ আজ হবে। মেলাঘরের শহীদ কাজল ময়দানে তেলিয়ামুড়া খেলবে বিলোনিয়ার বিরুদ্ধে এবং শান্তিরবাজারের বাইখোরা স্কুল মাঠের আমবাসা খেলবে জিরানিয়ার বিরুদ্ধে। আগামী ২৮ জুন আসরের ফাইনাল ম্যাচটি হবে।

Weather:

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬. ৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।
